



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

www.krishibank.gov.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ/৭(১)/২০২৬-২০২৭/ ৭ (২২০)

তারিখঃ ০৭ জুলাই ২০২৬

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) খাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন ক্ষিম প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা এর এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ প্রাপ্তির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক পরিচালিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন ক্ষিম কে ১৮,০০০ (আঠারো হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন ক্ষিমে রূপান্তর করা হয়েছে। ডিসেম্বর ২০২৬ হতে ডিসেম্বর ২০২৯ পর্যন্ত ৪ বছরে মোট ৩,০০০ (তিন হাজার) কোটি টাকা (প্রতি বছর ৭৫০ কোটি) হ্রাস করে ক্ষিমটিকে জানুয়ারি, ২০৩০ হতে ১৫,০০০ (পনেরো হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমে পরিণত করা হবে। তবে, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ক্ষিমটি চলমান থাকবে। উক্ত ক্ষিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে অনুসরণীয় উল্লেখযোগ্য নির্দেশনা নিম্নরূপঃ

নির্দেশনাবলীঃ

- এ ক্ষিমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সকল ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিগত ১৭ মার্চ, ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এ বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে;
- শিল্প/সেবা/ব্যবসার ধরনভেদে চলতি মূলধন ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ১ বছর ও মেয়াদি ঋণের মেয়াদ হবে গ্রেস পিরিয়ডসহ ১ বছরের অধিক হতে সর্বোচ্চ ৭ বছর। মেয়াদি ঋণের ক্ষেত্রে ৩ থেকে ৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে। তবে, ৫ বছর বা তদূর্ধ্ব মেয়াদের ঋণের ক্ষেত্রে প্রকল্পভেদে (যেমন: কারখানা ভবন নির্মাণ) ৬ থেকে ১২ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে;
- চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ নবায়ন করা যাবে এবং নবায়নকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন দাবী করা যাবে;
- একটি প্রতিষ্ঠানকে একসাথে সর্বোচ্চ একটি চলতি মূলধন ঋণ ও একটি মেয়াদি ঋণ বিতরণ করা যাবে;
- বিতরণযোগ্য ঋণসমূহের জন্য ঋণ স্থিতির খাত ভিত্তিক বিভাজন হবে উৎপাদনশীল শিল্পে ন্যূনতম ৪০%, সেবা শিল্পে ন্যূনতম ২০% ও ব্যবসা খাতে সর্বোচ্চ ৪০% ;
- আলোচ্য ক্ষিমের আওতায় ঋণ মঞ্জুরিকালে পুনঃঅর্থায়ন তহবিলের নাম, খাত ভিত্তিক উদ্যোগের ধরন, সুদ হার, গ্রেস পিরিয়ড ও পরিশোধ সূচি সুস্পষ্ট থাকতে হবে;
- এ ক্ষিমের আওতায় বিতরণযোগ্য স্থিতি থাকা সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অংশগ্রহণকারী ব্যাংকসমূহকে পুনঃঅর্থায়নের অর্থ বিতরণ করা হবে। ফলে বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন পাওয়া না গেলে ব্যাংকের প্রচলিত সুদ হারে সুদে আসলে ঋণ পরিশোধ করতে হবে মর্মে ঋণ মঞ্জুরিপত্রে উল্লেখ থাকতে হবে;
- এ ক্ষিমের ক্ষেত্রে মেয়াদি ঋণের উপখাত ১০২/৩৪ (1234-Loan Against CMSME Refinance Scheme) ও চলতি মূলধন ঋণের উপখাত ১০১৪/৫ (0138-Working Capital Loan Under CMSME Refinance Scheme) এর মাধ্যমে ঋণ হিসাব পরিচালিত হবে; এবং
- বিতরণকৃত ঋণের তথ্য দৈনিক ভিত্তিতে BKB Loan Portal এ আপলোড করতে হবে।

বিষয় : অপ্রাতিষ্ঠানিক/প্রান্তিক, কুটির, মাইক্রো ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) খাতে অর্থায়নের বিপরীতে
পুনঃঅর্থায়ন ক্ষিম প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা এর এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। উক্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতঃ ঋণ বিতরণপূর্বক পুনঃঅর্থায়ন দাবীর লক্ষ্যে মাসিক ভিত্তিতে প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সার্কুলার সংযুক্ত নির্ধারিত ছকে (সংযোজনী-২ মোতাবেক) আবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ রশিদুল ইসলাম) ০৭/০৭/২৬
উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২৪৭১২০১৬৬

ই-মেইল: dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ/৭(১)/২০২৬-২০২৭/ ৭ (২২৩০)

তারিখঃ ০৭ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। অধ্যক্ষ, বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১০। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক